

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ৮১০

১/ বিবিধ

আরবী

إن الله أمرني بمدارة الناس كما أمرني بإقامة الفرائض
ضعيف جدا

رواه ابن عدي في " الكامل " (1 / 34) وابن مردويه في " ثلاثة مجالس من الأمالي " (1 / 192) عن بشر بن عبيد الدارسي: أخبرنا عمار بن عبد الرحمن عن المسعودي عن عبد الله بن أبي ملكية عن عائشة مرفوعا. ومن هذا الوجه رواه أبو مطيع المصري في " الأمالي " أيضا (2 / 33 / 1) والديلمي (1 / 2 / 320) . وعزاه السيوطي في " الدر المنثور " (2 / 90) للحكيم الترمذي وابن عدي بسند فيه متروك. وقال ابن عدي: " بشر بن عبيد منكر الحديث، وهو بين الضعف ولم أجد للمتقدمين فيه كلاما، وهو إذا روى إنما يروي عن ضعيف مثله أو مجهول أو محتمل، أو يروي عن يرويه عن أمثالهم ". وكذبه الأزدي. وساق له الذهبي أحاديث منها هذا، ثم عقبها بقوله: " وهذه الأحاديث غير صحيحة، والله المستعان

বাংলা

৮১০। আমাকে আল্লাহ তা'আলা লোকদের সাথে নরম আচরণ করার নির্দেশ দিয়েছেন, যেক্ষেপ তিনি আমাকে ফরযগুলো আদায় করা নির্দেশ দিয়েছেন।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু আদী "আল-কামিল" (১/৩৪) গ্রন্থে এবং ইবনু মারদুবিইয়াহ "ছালাছাতু মাজালিস মিনাল আমলী"

(১/১৯২) গ্রন্থে বিশর ইবনু ওবায়দ আদ-দারেসী হতে তিনি আন্নার ইবনু আদ্দির রহমান হতে তিনি আল-মাসউদী হতে তিনি আব্দুল্লাহ ইবনু আবী মুলায়কাহ হতে তিনি আয়েশা (রাঃ) হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন।

একই সূত্রে আবু মুতী আল-মিসর “আল-আমলী” (১/৩৩/২) গ্রন্থে এবং দাইলামী (১/২/৩২০) বর্ণনা করেছেন। সুযুতী "আদ-দুররুল মানছুর" (২/৯০) গ্রন্থে হাকীম আত-তিরমিযী এবং ইবনু আদীর উদ্ধৃতিতে এমন এক সনদে উল্লেখ করেছেন যাতে মাতরুক বর্ণনাকারী রয়েছেন। ইবনু আদী বলেনঃ বিশর ইবনু ওবায়দ মুনকারুল হাদীছ। তিনি স্পষ্ট দুর্বল। তিনি যখন বর্ণনা করেছেন তখন তার ন্যায় দুর্বল বা মাজহুল বর্ণনাকারী হতে বর্ণনা করেছেন। তাকে আযদী মিথ্যুক আখ্যা দিয়েছেন। যাহাবী তার কতিপয় হাদীছ উল্লেখ করেছেন। এটি সেগুলোর একটি।

যাহাবী তার কতিপয় হাদীস উল্লেখ করেছেন। এটি সেগুলোর একটি। অতঃপর বলেছেনঃ এ হাদীছগুলো সহীহ নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71689>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন